# U.G. 4th Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGCCHT402

### Course Title : কাব্যতত্ত্ব ও সাহিত্যের রূপরীতি

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘ধ্বন্যালোক’ গ্রন্থের বৃত্তি অংশ কার রচনা?

খ) ‘কাব্যজিজ্ঞাসা’-র প্রবন্ধগুলি কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?

গ) কোন্ ধ্বনিকে কাব্যের আত্মা বলা হয়েছে?

ঘ) জুগুপ্সা — এই ভাবটি কোন্ রসে পরিণত হয়?

ঙ) এলিজি কী?

চ) ভারতীয় আলংকারিকরা কয়টি ব্যভিচারী ভাবের উল্লেখ করেছিলেন?

ছ) "Our sweetest songs are those that tell of saddest thought" — কার রচনার উদ্ধৃতি?

জ) ইংরেজি সাহিত্যে কোন্ সময়পর্বটিকে নব্য ধ্রুপদী যুগ বলে চিহ্নিত করা হয়?

*[পরের পাতায়]*

ঝ) রবীন্দ্রনাথের ‘চিরকুমার সভা’ কোন্ শ্রেণির নাটক?

ঞ) ‘ব্যালাড’ (Ballad) শব্দটি কোন্ মূল শব্দ থেকে এসেছে?

ট) পেত্রার্ক কোন্ শতাব্দীর কবি?

ঠ) ভার্জিলের ঈনিড (Aeneid) কোন্ শ্রেণির মহাকাব্য?

ড) ওড বা স্তোত্রকবিতার আদিরূপ কোথায় পাওয়া যায়?

ঢ) দীনবন্ধু মিত্র রচিত একটি প্রহসনের নাম লেখো।

ণ) ট্রাজেডির ‘ত্রয়ী ঐক্য’ বলতে কী বোঝ?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) অনুভাব কাকে বলে?

খ) ‘এই মতকে বালকোচিত বলে উড়িয়ে দেওয়া কিছু নয়’ — কোন্ মতটি সম্বন্ধে কেন একথা বলা হয়েছে?

গ) রসের মানসিক ও বাহ্যিক উপাদান বলতে কী বোঝায়?

ঘ) গ্রিক ট্রাজেডি ও শেক্‌সপীরীয় ট্রাজেডির দুটি পার্থক্য লেখো।

ঙ) ক্লাসিসিজম বলতে কী বোঝ?

চ) ক্যাথারসিস বলতে কী বোঝ?

ছ) শেক্‌সপীরীয় সনেটের মিলবিন্যাস উল্লেখ করো।

জ) মেলোড্রামার দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) যে ধ্বনি কাব্যের আত্মা তার ব্যঞ্জনা কাব্যের বাচ্যার্থকে বস্তু ও অলংকারের অতীত এক ভিন্ন লোকে পৌঁছে দেয় — মতটি ব্যাখ্যা করো।

খ) ফার্সের সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও।

গ) অক্ষয়কুমার বড়ালের ‘এষা’ কোন্ শ্রেণির কাব্য? সেই শ্রেণিটির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ‘রীতিরাত্মা কাব্যস্য’ — মতবাদটি ব্যাখ্যা করো এবং প্রসঙ্গ ক্রমে এর সীমাবদ্ধতার দিকগুলি তুলে ধরো।

খ) কমেডি কাকে বলে? কমেডির শ্রেণিবিভাগগুলি সম্বন্ধে আলোকপাত করো।

গ) রোমান্টিসিজমের লক্ষণ বা বৈশিষ্ট্যগুলির উল্লেখ করো।

———————